

যুগান্তর

প্রিন্ট: ১৬ নভেম্বর ২০২৫, ০৮:৪২ এএম

শিক্ষাজ্ঞন

শাকসু নির্বাচনের তারিখ প্রত্যাখান, অবরুদ্ধ উপাচার্য



শাবি প্রতিনিধি

প্রকাশ: ১৫ নভেম্বর ২০২৫, ১২:৪৯ এএম



ছবি: যুগান্তর

শাহজালাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ শাকসু নির্বাচন আগামী ১৭ ডিসেম্বর (বুধবার) অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ.এম সরওয়ারউদ্দিন চৌধুরী। শুক্রবার (১৪ নভেম্বর) রাত ৯টায় উপাচার্যের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন উপাচার্য।

তবে উপাচার্যের এ ঘোষণার পরপরই এ তারিখ প্রত্যাখান করে উপাচার্যের দপ্তরে উপাচার্য, উপ উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, নির্বাচন কমিশনার এবং প্রস্ট্রকে অবরুদ্ধ করে রাখেন শিক্ষার্থীরা।

এসময় শিক্ষার্থীরা বলেন, প্রশাসন চাঁদাবাজ, টেন্ডারবাজদের, হল দখলবাজদের কথা শুনে এমন একটি তারিখ ঘোষণা করেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন একটি পক্ষকে খুশি করতে এই তারিখ ঘোষণা করেছে। আমরা আগামী ৮ ডিসেম্বর নির্বাচন চাই। এসময় শিক্ষার্থীরা প্রশাসনের বিরুদ্ধে বিভিন্ন মুৱাগান দিতে থাকেন।

এদিকে এর আগে সংবাদ সম্মেলনে উপাচার্য বলেন, আমরা একাধিকবার সকল পক্ষের সঙ্গে বসতে চেয়েছি যেন একটা সফল নির্বাচন করা যায়। নির্বাচন আয়োজন করতে পারি সেরকম একটি ডেট দেওয়া যায়। আমরা পারিপার্শ্বিক সকল দিক বিবেচনা করে দেখেছি এরচেয়ে সুন্দর আর কোনো তারিখ হতে পারে না। তাই আমরা সকল দিক বিবেচনা করে দেখেছি আগামী ১৭ ডিসেম্বর একটা উপযুক্ত তারিখ। তাই আগামী ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে শাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে।

আমরা এ নির্বাচন আয়োজনে সকলের সহযোগিতা চাচ্ছি। আমরা চাই যেন খুবই জাকজমকভাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীরা যেন সবাই এতে অংশগ্রহণ করে আমরা তা আশা করছি।

এর আগে বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় শাকসুর তারিখ ঘোষণা করে সংবাদ সম্মেলন করার কথা ছিলো উপাচার্যের। কিন্তু অজানা কারণে তা স্থগিত করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর থেকেই শাকসুর তারিখ ঘোষণার দাবিতে ক্যাম্পাসে অবস্থান নেন শিক্ষার্থীরা। এরপর

এদিন রাতে রেজিস্ট্রার ভবনে তালা দেন শিক্ষার্থীরা । এরপর রাত ১০টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন শিক্ষার্থীরা ।

এ সময় শিক্ষার্থীরা ‘শাকসু আমার অধিকার, রুখে দেওয়ার সাধ্য কার’ ‘প্রশাসন রিমেন্সের শাকসু ইন নভেম্বর’ ‘শাকসু দিলে প্রশাসন, না দিলে প্রহসন’ ‘উই ওয়ান্ট শাকসু’ ‘নির্বাচন কমিশন গঠন করো- করতে হবে’ ‘সাস্টিয়ান সাস্টিয়ান- এক হও এক হও’ ইত্যাদি প্লোগান দেন ।

এর প্রেক্ষিতে উপাচার্যের বাসভবনের সামনে উপস্থিত হন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড এএম সরওয়ারউদ্দিন চৌধুরী, উপ উপাচার্য অধ্যাপক ড. মো. সাজেদুল করীম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইসমাইল হোসেন, রেজিস্ট্রার সৈয়দ ছলিম মোহাম্মদ আবদুল কাদির এবং প্রষ্ঠার অধ্যাপক মোখলেছুর রহমান প্রমুখ ।

এরপর উপাচার্য আজ শুক্রবার (১৪ নভেম্বর) নির্বাচনের তারিখ ঘোষণা করবেন এ আশ্বাস দিলে শিক্ষার্থীরা তাদের অবস্থান কর্মসূচি থেকে সরে আসেন ।